দৈনিক সংবাদ
তারিখ 11 MAR 1989
পৃষ্ঠা 5

তথ্য ও ডকুমেন্টেশন কেন্দ্র

# চাকসু নির্বাচন ।। প্রাথমিক কাজ শুরু হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৯ই মার্চ।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদের নির্বাচনের আয়োজনের প্রাথমিক কাজ শুরু করেছে। ইতিমধ্যে ছাত্র সংগঠনগুলোর সঙ্গে কর্তৃপক্ষের বৈঠকও অনুষ্ঠিত হয়েছে।

আগামী রমজানের ছুটির আগেই চাকসু নির্বাচন আয়োজনের ব্যবস্থা নেয়া হতে পারে বলে কর্তৃপক্ষীয় সূত্রে জানা গেছে। এক্ষেত্রে ইসলামী ছাত্র শিবিরেরও বেশ চাপ রয়েছে। অন্যান্য সংগঠনগুলো দীর্ঘদিন সাংগঠনিক তৎপরতা চালাতে পারেনি। শিবির এই সুযোগে কর্তৃপক্ষের ওপর চাপ সৃষ্টি করে দ্রুত নির্বাচন করার ব্যাপারে আগ্রহী। গত ফেব্রুয়ারী মাস থেকে অন্যান্য সংগঠনগুলোকে সামান্য তৎপরতা চালাতে দেয়া হয়েছে। তাও কেবল মাত্র ক্যাম্পাসে বিভিন্ন জাতীয় দিবস পালনের সুযোগের মধ্যেই সীমাবদ্ধ রয়েছে।

কর্তৃপক্ষ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের নির্বাচন ইতিমধ্যে অনুষ্ঠিত হওয়ায় চাকসু নির্বাচন আয়োজনের ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। সে অনুযায়ী নির্বাচনের তারিখ অবিলম্বে ঘোষণা করা হতে পারে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংগ্রাম পরিষদ পূর্ণাঙ্গ প্রস্তুতি সাপেক্ষে পূর্ণ গণতান্ত্রিক পরিবেশে সকল সংগঠনের সাংগঠনিক কার্যক্রম পরিচালনা, ভোটাধিকার প্রয়োগের অধিকার নিশ্চিত করা সাপেক্ষে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদের নির্বাচন দাবী করেছে।

পরিষদ বিশ্ববিদ্যালয়ের অনুকূল পরিবেশ ফিরিয়ে না এনে নির্বাচনের যে কোন প্রচেষ্টাকে মহল বিশেষের ষড়যন্ত্র বলে অভিহিত করে এ ধরনের নির্বাচন 'বয়কট' করা হবে বলে জানিয়েছে।

জাতীয়তাবাদী ছাত্রদল নির্বাচনের আগে বিশ্ববিদ্যালয়ের পরিবেশকে সন্ত্রাসমুক্ত করা, সকল সংগঠনের সাংগঠনিক তৎপরতা চালানোর ব্যবস্থা গ্রহণ ও নিরপেক্ষ নির্বাচন কমিশন গঠনসহ ৭ দফা দাবী কর্তৃপক্ষের কাছে জানিয়েছে।

অপরদিকে বিশ্ববিদ্যালয়ে একচ্ছত্র ইসলামী ছাত্র শিবিরও নির্বাচনের দাবী জানিয়েছে। গত কয়েক বছর ধরে বিশ্ববিদ্যালয় শিবিরের দখলে রয়েছে। এ সময়কালে তারা অন্যান্য সংগঠনগুলোকে কোন সাংগঠনিক তৎপরতা চালাতে দেয়নি। হল প্রশাসন সহ অন্যান্য প্রশাসনে শিবিরের প্রভাব ব্যাপক।